

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.tcb.gov.bd

নং-২৬.০৫.০০০০.০২৩.১১.২৯৭.২২/৬৯৪

তারিখঃ ২৫-১০-২০২২খ্রিঃ


বিষয়ঃ টিসিবি'র ডিলারশীপের জন্য দাখিলকৃত আবেদনের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, টিসিবি'র পণ্য সারাদেশে ভোক্তা সাধারণের নিকট পৌঁছানোর জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ডিলারশীপের জন্য আবেদন পাওয়া যায়। সেপেক্ষিতে লালমনিরহাট জেলার ০১টি, বরিশাল জেলার ০১টি ও জামালপুর জেলার ১টি সর্বমোট ০৩টি আবেদনপত্র পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্র অনুযায়ী টিসিবি'র ডিলার হিসেবে নিয়োগের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানসমূহের বিষয়ে তদন্তপূর্বক মতামত প্রয়োজন। উল্লেখ্য, সরকারি প্রতিষ্ঠান সংক্রান্ত সংসদীয় কমিটি কর্তৃক ডিলারশীপের বিষয়ে স্থানীয় সংসদ সদস্য/ উপজেলা পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করার নির্দেশনা রয়েছে।

| ক্রঃ নং | জেলা | উপজেলা | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্বাক্ষরিত তারিখ | আবেদনের সংখ্যা ও তারিখ |
|---------|------------|------------|--|----------------------------|------------------------|
| ০১ | লালমনিরহাট | হাতিবাঙ্গা | আরাধ্য ট্রেডার্স, মোঃ রাফিউল হোসেন, সিংগীমারী, হাতিবাঙ্গা, লালমনিরহাট। | ০১৭৩৭৯৮৮৪৭০ | ৫৬৫০ ১৭-০২-২০২২ |
| ০২ | বরিশাল | গৌরনদী | মেসার্স মামুন ট্রেডার্স, মোঃ মামুন মোল্লা, মাহিলাবা বাজার, গৌরনদী, বরিশাল। | ০১৭৪৮৯১৩২৮৪ | ৫৬৫১ ১৭-০২-২০২২ |
| ০৩ | জামালপুর | মেলাদহ | মেসার্স রাইছা এন্টারপ্রাইজ, সমেনা নাগরিস সনি, ইসলামপুর রোড, শিমুলতলা মোড়, মেলাদহ, জামালপুর। | ০১৭১১১০৭৯৬১ ০১৭৩০৯৪১৩৪২ | ৫৬৫২ ১৭-০২-২০২২ |

এমতাবস্থায়, বর্ণিত আবেদনকারীগণ (ক) প্রকৃত মুদি ব্যবসায়ী কিনা, (খ) মুদি ব্যবসায়ী হিসাবে হালনাগাদ ট্রেড লাইসেন্স আছে কিনা, (গ) মুদি দোকান আছে কিনা, (ঘ) দোকানে ৩-৪ মেঃটন পণ্য ধারণের উপযোগী স্থান রয়েছে কি-না উল্লেখসহ সামগ্রিক বিষয়ে জরুরী ভিত্তিতে সরেজমিনে তদন্ত পূর্বক সরকারি প্রতিষ্ঠান সংক্রান্ত সংসদীয় কমিটির নির্দেশনা মোতাবেক স্থানীয় সংসদ সদস্য/ উপজেলা পরিষদের চেয়ারম্যানগণকে অবহিত করে সুপারিশ সহকারে তদন্ত প্রতিবেদন (ডিলার কর্তৃক দাখিলকৃত সমুদয় কাগজপত্রসহ) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ টি আবেদনপত্র।


(মোঃ শেখবুর রহমান)
উপ-সচিব
প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

জেলা প্রশাসক
লালমনিরহাট/ বরিশাল/ জামালপুর।

সুদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ এবং বাণিজ্যিক), টিসিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট আবেদনকারীকে তদন্তের

স্বার্থে আবেদনের সাথে টিসিবিতে দাখিলকৃত কাগজপত্রের কপি যথাঃ ক) মুদি দোকানের ট্রেড লাইসেন্স, খ) ২ কপি সত্যায়িত ছবি, গ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ঘ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ঙ) আয়কর সনদ (TIN), চ) চেয়ারম্যান/ পৌরসভা/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও ছ) দোকান ভাড়া/ মালিকানার প্রমাণক এর অনুলিপি তদন্তকারী কর্মকর্তার নিকট দাখিল করে তদন্তকাজে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

৫। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়, রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ।

৬। কম্পিউটার প্রোগ্রামার, টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

৭। অফিস কপি।